

# দৈনিক ইত্তেফাক

প্রতিদিন অজাহার হোসেন মালিক দ্বাৰা

## দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য হবে বিশেষ রিসোর্স স্কুল

 ০৮ মে, ২০১৮ ইং ০০:০০ মি:

### ইত্তেফাক রিপোর্ট

সরকার দৃষ্টি প্রতিবন্ধী জনগোষ্ঠীকে মূলধারায় সম্প্রত্তিকরণের লক্ষ্যে বিশেষ রিসোর্স স্কুল প্রতিষ্ঠা করবে বলে জানিয়েছেন সমাজকল্যাণমন্ত্রী রাশেদ খান মেনন এমপি। গতকাল সোমবার

দৃষ্টি প্রতিবন্ধী জনগোষ্ঠীর মূল ধারায় সম্প্রত্তিকরণ: সন্তানা ও চ্যালেঞ্জ' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা জানান।

এসময় দেশের নানা প্রাত থেকে আগত দৃষ্টি প্রতিবন্ধীদের নানা উদ্যোগ, সমস্যা নিয়ে আলোচনা করেন সমাজকল্যাণমন্ত্রী। সমাজসেবা অধিদফতরের মহা পরিচালক গাজী মুহাম্মদ নুরুল

কবীরের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছলেন পরিচালক প্রতিষ্ঠান যুগ্মসংঘ আব্দুল্লাহ আল মামুন, প্রতিবন্ধী ফাউন্ডেশন এর সাবেক ব্যাবহারপনা পরিচালক মনসুর আহমেদ চৌধুরী ও

দৃষ্টিপ্রতিবন্ধীদের পক্ষে নাজমা আরা বেগম পপি প্রমুখ।

রাশেদ খান মেনন এমপি আরও বলেন, কোটাৱ বিষয়ে প্রধানমন্ত্রী ইতোমধ্যেই ঘোষণা করেছেন যে, কোটা বাতিল হবে। তাহলেও প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যাবস্থা রাখা হবে। নারী প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যাবস্থা নেবার বিষয়ে সমাজকল্যাণমন্ত্রী বলেন- নারী প্রতিবন্ধীদের জন্য প্রতি বিভাগে একটি করে প্রতিষ্ঠান করা হবে যাতে করে আমাদের প্রতিবন্ধী মেয়েরা এর

সুফল পেতে পারে। আই টি বিষয়ে প্রতিবন্ধীদের আরো মনোযোগ দেবার পরামর্শ দিয়ে মেনন বলেন-আই.টি ক্ষেত্রে কোন প্রতিবন্ধী প্রশিক্ষণ নিয়ে দক্ষতা দেখাতে পারলে সমাজকল্যাণ

মন্ত্রণালয়ের পক্ষ থেকে তাকে ১ লাখ টাকা পর্যন্ত সুদবিহীন খণ্ড দেয়া হবে।

নাজমা আরা বেগম পপি বলেন -দৃষ্টিপ্রতিবন্ধীরা এদেশেরই সন্তান। দেশের রাষ্ট্রীয় সুযোগ সুবিধায় তাদের ক্ষেত্রে দিতে হবে। দেশের বিভিন্ন চাকরি নিয়োগ পরীক্ষাগুলো অনেকাংশেই

দৃষ্টিপ্রতিবন্ধীবাদ্ধব হয় না। এর ফলে দৃষ্টিপ্রতিবন্ধীরা ভাল করতে পারেনা।

তাৰপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রন্থ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্ৰেস,

কাজলারপাড়, ডেমোৱা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সৰ্বস্বত্ত্ব সংরক্ষিত